অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

কোভিড-19 এর বিরুদ্ধে স্টেটের লড়াইয়ে অগ্রগতি সম্পর্কে গভর্নর হোকল ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেন

নিউ ইয়র্কবাসীকে কোভিড-19 এর বিরুদ্ধে সুরক্ষিত থাকা ও চিকিৎসা করানোর জন্য হাতিয়ারগুলোর ব্যবহার অব্যাহত রাখতে উৎসাহিত করেছেন: টিকা, বুস্টার, পরীক্ষা ও চিকিৎসা

গতকাল স্টেট ব্যাপী 29 জনের মৃত্যু সম্পর্কে রিপোর্ট করা হয়েছে

কোভিড-19 এর বিরুদ্ধে লড়াইয়ে স্টেটের অগ্রগতি সম্পর্কে গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীকে আপডেট দিয়েছেন এবং শরৎ ও শীতের মৌসুমে আরো বেশি করে দেখা দেওয়া ভাইরাসজনিত সংক্রমণের বিস্তার থেকে সুরক্ষিত থাকার জন্য তারা গ্রহণ করতে পারেন এমন প্রাথমিক পদক্ষেপগুলো বর্ণনা করেছেন।

"শ্বাস-প্রশ্বাসজনিত অসুস্থতা আমাদের স্টেটে ছড়িয়ে পড়া অব্যাহত রয়েছে, আমি সব নিউ ইয়র্কবাসীদের প্রতি নিজেদেরকে, তাদের প্রিয়জনদেরকে, এবং তাদের কমিউনিটিকে নিরাপদ ও সুস্থ রাখার জন্য সতর্ক থাকতে এবং লভ্য সব হাতিয়ারের ব্যবহার অব্যাহত রাখতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "এই ছুটির মৌসুমে টিকার ডোজগুলো নিয়ে হালনাগাদ থাকুন, এবং সমাবেশ বা ভ্রমণ করার আগে পরীক্ষা করুন। যদি আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তাহলে চিকিৎসার সম্ভাব্য অপশনগুলো সম্পর্কে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।"

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে সাধারণ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সনির্বন্ধভাবে অনুরোধ জানাচ্ছেন - যেমন টিকা নিয়ে হালনাগাদ থাকা এবং সঠিক স্বাস্থ্যবিধি অনুশীলন করা - রেসপিরেটরি সিনসাইশিয়াল ভাইরাস (Respiratory Syncytial Virus, RSV), ফ্লু এবং কোভিড-19 থেকে সুরক্ষিত থাকতে এবং স্থানীয় হাসপাতালগুলিতে রোগীর বোঝা কমাতে। গতকাল, গভর্নর নিউ ইয়র্কবাসীদের স্টেটের শীতকালীন স্বাস্থ্য প্রস্তুতির প্রচেষ্টা সম্পর্কে আপডেট করেছেন।

এই সপ্তাহে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ একটি নতুন রিপোর্ট প্রকাশ করেছে যেটি দেখায় যে নিউ ইয়র্ক জুড়ে ল্যাবের মাধ্যমে নিশ্চিত করা ফ্লু-এর কেস এক সপ্তাহ থেকে

পরবর্তী সপ্তাহে 76 শতাংশ বেড়েছে এবং হাসপাতালে ভর্তি হওয়া রোগীর সংখ্যা এক সপ্তাহ থেকে পরবর্তী সপ্তাহে 67 শতাংশ বেড়েছে। ইনফ্লুয়েঞ্জার কেস এখন স্টেট জুড়ে 62টি কাউন্টির সবগুলোতে শনাক্ত হয়েছে, এটি নিউ ইয়র্কবাসীদের এমন পদক্ষেপ এবং সতর্কতা গ্রহণের প্রয়োজনীয়তা তুলে ধরে যা শিশুদের এবং প্রাপ্তবয়স্কদের জন্য গুরুতর অসুস্থতার ঝুঁকি কমিয়ে আনবে।

এছাড়াও গভর্নর হোকল এর আগে একটি জনসচেতনতামূলক প্রচারাভিযান চালু করেছেন যেখানে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট তিনটি ভাইরাস সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের সাথে সরাসরি কথা বলছেন - যেগুলো এখন অনুরূপ লক্ষণসহ স্টেটে ছড়িয়ে পড়ছে এবং গুরুতর অসুস্থতার কারণ ঘটানোর সম্ভাবনা রয়েছে। নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) কর্তৃক তৈরিকৃত, ভিডিওগুলোর মধ্যে রয়েছে পিতামাতার উদ্দেশ্যে বানানো একটি ছোট ক্লিপ এবং একটি দীর্ঘতর সংস্করণ এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের উদ্দেশ্যে বিশেষভাবে বানানো একটি সংস্করণ।

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে মনে করিয়ে দেয়া অব্যাহত রেখেছেন যে 5 বছর বা তার বেশি বয়সী শিশুরা এখন বাইভালেন্ট বুস্টার শট নিতে পারে যেগুলি কোভিড-19 এর বিরুদ্ধে সুরক্ষা বাড়ানোর জন্য সুপারিশ করা হয়।

গভর্নর নিউ ইয়র্কবাসীদেরকে তাদের বাইভালেন্ট কোভিড-19 টিকার বুস্টার নেওয়ার জন্যেও আহ্বান জানান। বুস্টারের জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে, নিউ ইয়র্কবাসীরা তাদের স্থানীয় ফার্মেসি, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, বা স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করা উচিত; কাছাকাছি অবস্থানগুলো খুঁজতে vaccines.gov ওয়েবসাইট ভিজিট করুন; জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করুন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করুন।

সেইসাথে, নিউ ইয়র্ক জুড়ে ফ্লু-এর মৌসুম ছড়িয়ে পড়ার সাথে সাথে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে তাদের বার্ষিক ফ্লু-এর টিকা নিতে উৎসাহিত করছেন। ফ্লু ভাইরাস ও কোভিড-19 সৃষ্টিকারী ভাইরাস উভয়ই ছড়িয়ে পড়ছে, তাই সুস্থ থাকার জন্য এবং স্বাস্থ্যসেবা ব্যবস্থার ওপর অতিরিক্ত চাপ এড়াতে উভয়ের বিরুদ্ধে টিকা নেওয়াই সেরা উপায়।

স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ তাদের বার্ষিক পাবলিক এডুকেশন ক্যাম্পেইন অব্যাহত রেখেছে, যা প্রাপ্তবয়স্কদের এবং পিতামাতাদের নিজেদের জন্য এবং 6 মাস বা তার বেশি বয়সী শিশুদের জন্য ফ্লু ও কোভিড-19 টিকা নেওয়ার কথা মনে করিয়ে দেয়। ইংরেজি এবং স্প্যানিশ উভয় ভাষায় বিজ্ঞাপন গত মাসে চালু হয়েছে।

ফ্লু-এর টিকা গ্রহণের ক্লিনিকগুলো সম্পর্কে তথ্যের জন্য, স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করুন অথবা ভিজিট করুন vaccines.gov/find-vaccines/।

আজকের তথ্য সংক্ষেপে নিচে তুলে ধরা হলো:

- **প্রতি 100k-তে কেস সংখ্যা** - 33.64
- **প্রতি 100k-তে 7 দিনের গড় কেস সংখ্যা** - 27.01
- **যতগুলি পরীক্ষার ফলাফল জানানো হয়েছে** - 81,731
- **মোট পজিটিভ** - 6,574
- **পজিটিভের শতকরা হার** - 7.46%**
- **7-দিনে পজিটিভের গড় শতকরা হার** - 6.56%**
- **হাসপাতালে ভর্তি হওয়া রোগী** - 3,419 (-52)
- **নতুন ভর্তি হওয়া রোগী** - 569
- **ICU-তে রোগী** - 303 (+8)
- **ICU-তে ইনটিউবেশনসহ রোগী** - 112 (+8)
- **মোট ডিসচার্জ** - 370,858 (+567)
- **HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্ট করা নতুন মৃত্যু** - 29
- **HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত মোট মৃত্যু** - 59,688

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (Department of Health and Human Services, HHS) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়।

হেলথ ইলেক্ট্রনিক রেসপন্স ডেটা সিস্টেম (Health Electronic Response Data System) হল একটি NYS DOH ডেটার উৎস যা শুধু হাসপাতাল, নার্সিং হোম এবং প্রাপ্তবয়স্কদের পরিচর্যার ফ্যাসিলিটিগুলি দ্বারা রিপোর্ট করা নিশ্চিতকৃত দৈনিক মৃত্যুর ডেটা সংগ্রহ করে।

গুরুত্বপূর্ণ টীকা: সোমবার, 4 এপ্রিল থেকে ফেডারেল স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ (HHS) কোভিড-19 র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা পদ্ধতি ব্যবহার করছে এমন পরীক্ষা কেন্দ্রগুলোর জন্য নেগেটিভ ফলাফল সম্পর্কে রিপোর্ট করার বাধ্যবাধকতা তুলে নেওয়ার বিষয়টি কার্যকর করেছে। এর ফলে, নিউ ইয়র্ক স্টেটের শতকরা পজিটিভ ফলাফলের মেট্রিক্স শুধু ল্যাবের রিপোর্ট করা PCR ফলাফলগুলো ব্যবহার করে হিসেব করা হবে। ইতিবাচক অ্যান্টিজেন পরীক্ষা তাও নিউ ইয়র্ক স্টেটকে রিপোর্ট করা হবে এবং নতুন দৈনিক কেস এবং প্রতি 100 হাজার কেসের রিপোর্টে PCR এবং অ্যান্টিজেন পরীক্ষাগুলি অন্তর্ভুক্ত করা অব্যাহত রাখা হবে। এই পরিবর্তন এবং পরীক্ষা করার রীতি পরিবর্তন হওয়া সহ অন্যান্য বিষয়ের কারণে, কোনো কমিউনিটির উপর ভাইরাসের প্রভাব পরিমাপের জন্য সবচেয়ে নির্ভরযোগ্য মেট্রিক হলো প্রতি 100,000 এর মধ্যে কেসের সংখ্যার ডাটা - শতকরা পজিটিভ ফলাফল নয়।

- **CDC-এর মাধ্যমে রিপোর্টকৃত ও সংকলিত মোট মৃত্যু** - 76,059

NYS DOH ও NYC দ্বারা CDC এর কাছে রিপোর্টকৃত এই দৈনিক কোভিড-19 এর সাময়িক ডেথ সার্টিফিকেটের তথ্যে হাসপাতাল, নার্সিং হোম, প্রাপ্তবয়স্কদের সেবাসদন, বাড়ি, হসপিস ও অন্যান্য স্থানগুলি সহ যেকোনো স্থানে মারা যাওয়া ব্যক্তিরা অন্তর্ভুক্ত আছেন।

প্রতি 100K জনসংখ্যার প্রতিটি অঞ্চলের 7-দিনের কেসের গড় নিম্নরূপ:

অঞ্চল	**সোমবার, 5 ডিসেম্বর, 2022**	**মঙ্গলবার, 6 ডিসেম্বর, 2022**	**বুধবার, 7 ডিসেম্বর, 2022**
Capital Region	13.90	14.06	13.54
Central New York	9.27	9.97	9.98
Finger Lakes	11.50	11.42	10.90
Long Island	44.75	42.72	41.43
Mid-Hudson	28.19	27.91	27.32
Mohawk Valley	10.71	11.13	11.72
New York City	35.06	33.96	33.07
North Country	12.24	12.89	12.07
Southern Tier	16.54	17.06	15.50
Western New York	9.67	9.43	9.35
স্টেট ব্যাপী	**28.51**	**27.77**	**27.01**

গত তিন দিনে রিপোর্ট করা প্রত্যেক অঞ্চলের 7-দিনের পরীক্ষার পজিটিভ ফলাফলের গড় শতকরা হার নিচে দেওয়া হয়েছে**:

অঞ্চল	সোমবার, 5 ডিসেম্বর, 2022	মঙ্গলবার, 6 ডিসেম্বর, 2022	বুধবার, 7 ডিসেম্বর, 2022
Capital Region	6.12%	6.02%	6.00%
Central New York	3.79%	3.78%	3.68%
Finger Lakes	4.56%	4.52%	4.38%
Long Island	8.67%	8.69%	8.73%
Mid-Hudson	5.95%	5.89%	5.94%
Mohawk Valley	3.90%	4.00%	4.39%
New York City	6.70%	6.71%	6.69%
North Country	5.60%	5.63%	5.09%
Southern Tier	5.64%	6.23%	5.93%
Western New York	6.70%	6.58%	6.88%
স্টেট ব্যাপী	**6.57%**	**6.57%**	**6.56%**

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (Department of Health and Human Services, HHS) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়।

প্রতিটি নিউ ইয়র্ক সিটির গত তিন দিনে রিপোর্ট করা ইতিবাচক পরীক্ষার ফলাফলগুলির 7-দিনের গড় শতাংশ নিম্নরূপ**:

NYC এর বরো	সোমবার, 5 ডিসেম্বর, 2022	মঙ্গলবার, 6 ডিসেম্বর, 2022	বুধবার, 7 ডিসেম্বর, 2022
Bronx	8.01%	8.04%	7.86%
Kings	5.07%	5.02%	5.02%
New York	6.57%	6.68%	6.59%
Queens	8.85%	8.89%	8.93%
Richmond	6.27%	6.05%	6.36%

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (Department of Health and Human Services, HHS) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়।

গতকাল নিউ ইয়র্ক স্টেটে 6,574 জন নিউ ইয়র্কবাসী কোভিড-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল পেয়েছেন, যা মোট আক্রান্তের সংখ্যাকে 6,323,804 জনে উন্নীত করেছে। একটি ভৌগলিক বিশ্লেষণ নিম্নরূপ:

কাউন্টি	মোট পজিটিভ	নতুন পজিটিভ
Albany	75,982	48
Allegany	10,460	8

Broome	56,673	30
Cattaraugus	18,715	6
Cayuga	19,742	12
Chautauqua	28,503	8
Chemung	25,970	15
Chenango	11,498	10
Clinton	21,697	18
Columbia	13,202	13
Cortland	12,909	4
Delaware	9,745	4
Dutchess	80,828	90

Erie	260,423	129
Essex	7,375	2
Franklin	11,724	8
Fulton	16,057	5
Genesee	16,115	10
Greene	10,498	9
Hamilton	1,061	-
Herkimer	16,938	3
Jefferson	25,856	19
Lewis	7,123	8
Livingston	13,958	5

Madison	16,320	5
Monroe	185,507	109
Montgomery	14,558	13
Nassau	523,191	644
Niagara	57,832	25
NYC	2,947,770	3,471
Oneida	66,778	45
Onondaga	138,316	70
Ontario	25,166	10
Orange	132,499	128
Orleans	10,206	5

Oswego	33,412	15
Otsego	12,823	20
Putnam	30,069	33
Rensselaer	40,417	19
Rockland	113,534	117
Saratoga	59,417	41
Schenectady	42,161	30
Schoharie	6,358	4
Schuyler	4,243	4
Seneca	7,372	1
St. Lawrence	25,612	11

Steuben	24,624	24
Suffolk	540,451	789
Sullivan	23,447	19
Tioga	13,637	13
Tompkins	25,699	20
Ulster	41,152	46
Warren	18,167	5
Washington	15,188	8
Wayne	21,172	21
Westchester	319,627	341
Wyoming	9,721	-

Yates	4,306	4

নিচের তথ্য হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের মধ্যে কোভিড-19 এর পরীক্ষায় পজিটিভ হওয়া রোগীদের কতজন কোভিড-19/কোভিড-19 সংক্রান্ত জটিলতার কারণে হাসপাতালে ভর্তি হয়েছেন এবং কতজন কোভিড-19 ব্যতীত অন্য কারণে ভর্তি হয়েছেন তাদের সংখ্যা প্রকাশ করে:

অঞ্চল	বর্তমানে হাসপাতালে ভর্তি কোভিড-19 রোগীর সংখ্যা	কোভিডের কারণে বা কোভিড সংক্রান্ত জটিলতার কারণে ভর্তি	কোভিডের কারণে বা কোভিড সংক্রান্ত জটিলতার কারণে ভর্তি হওয়া রোগীদের %	যেসব রোগীর ভর্তির সময় ভর্তির কারণগুলোর একটি হিসেবে কোভিডের উল্লেখ ছিল না	যেসব রোগীর ভর্তির সময় ভর্তির কারণগুলোর একটি হিসেবে কোভিডের উল্লেখ ছিল না তাদের %
Capital Region	113	72	63.7%	41	36.3%
Central New York	71	40	56.3%	31	43.7%
Finger Lakes	261	58	22.2%	203	77.8%
Long Island	721	351	48.7%	370	51.3%
Mid-Hudson	398	180	45.2%	218	54.8%
Mohawk Valley	24	18	75.0%	6	25.0%
New York City	1,574	619	39.3%	955	60.7%
North Country	48	15	31.3%	33	68.8%
Southern Tier	83	31	37.3%	52	62.7%
Western New York	126	39	31.0%	87	69.0%
স্টেট ব্যাপী	**3,419**	**1,423**	**41.6%**	**1,996**	**58.4%**

ওমিক্রন ভ্যারিয়েন্ট বর্তমানে সংক্রমণরত ভাইরাসের 95% এর প্রতিনিধিত্ব করে। ভ্যারিয়েন্ট ট্র্যাকিং সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এখানে ভিজিট করুন: কোভিড-19 ভ্যারিয়েন্ট সংক্রান্ত ডাটা | স্বাস্থ্য দপ্তর (Department of Health (ny.gov))

গতকাল, কোভিড-19 এর কারণে নতুন মোট 29টি মৃত্যু সম্পর্কে রিপোর্ট করা হয়েছে, যা মোট মৃত্যুর সংখ্যাকে 59,688 জনে উন্নীত করেছে। বসবাসের কাউন্টি অনুসারে, নিচে ভৌগলিক ভিত্তিতে ভেঙে দেখানো হয়েছে:

কাউন্টি	**নতুন মৃত্যু**
Albany	1
Bronx	1
Erie	1
Essex	1
Kings	4
Lewis	1
Nassau	1
Orange	2
Queens	5
Richmond	2
Suffolk	4
Ulster	2
Westchester	4
সর্বমোট	**29**

যেসব নিউ ইয়র্কবাসী 5-11 বছর বয়সী শিশুদের জন্য টিকার অ্যাপয়েন্টমেন্ট নিতে চান তাদেরকে তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেলভাবে যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্র (Federally Qualified Health Centers, FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র, বা যেসব ফার্মেসি এই বয়সদলের জন্য টিকাদান কার্যক্রম পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। বাবা-মা এবং অভিভাবকরা vaccines.gov, ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করতে পারেন, অথবা কাছাকাছি অবস্থানগুলো খুঁজে বের করতে 1-800-232-0233 নম্বরে কল করতে পারেন। নিশ্চিত করুন যে প্রোভাইডার ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে, যেহেতু এই বয়স দলের জন্য অন্য কোভিড-19 টিকা এখনো অনুমোদিত নয়।

বিশেষভাবে এই বয়সী শিশুদের পিতামাতা ও অভিভাবকদের জন্য নতুন তথ্য, বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি ও উত্তর, ও তথ্যসূত্রের জন্য আমাদের ওয়েবসাইটদেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418